



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

জাতীয় ঈদগাহ ও বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র ঈদুল ফিতরের নামাযের সময়সূচি

ঢাকা, বৃহস্পতিবার, ১৪ জুন ২০১৮

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১৬ জুন শনিবার সারাদেশে যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্যময় পরিবেশে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে জাতীয় ঈদগাহ ময়দানে দেশের প্রধান ঈদ জামায়াত সকাল ৮.৩০ টায় অনুষ্ঠিত হবে। উক্ত নামাযে ইমামতি করবেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান। বিকল্প ইমাম হিসেবে উপস্থিত থাকবেন মিরপুর জামেয়া আরাবিয়ার মুহতামিম শায়খুল হাদীস মাওলানা সৈয়দ ওয়াহিদুয্যামান।

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পর্যায়ক্রমে ৫টি ঈদ জামায়াত অনুষ্ঠিত হবে। প্রথম জামায়াত সকাল ৭.০০ টা, দ্বিতীয় জামায়াত সকাল ৮.০০ টা, তৃতীয় জামায়াত সকাল ৯.০০ টা, চতুর্থ জামায়াত সকাল ১০.০০টা এবং পঞ্চম ও সর্বশেষ জামায়াত সকাল ১০.৪৫ টা। ইমামতি করবেন- প্রথম জামায়াতে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম হাফেজ মুফতি মুহিবুল্লাহিল বাকী নদভী, দ্বিতীয় জামায়াতে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মহিউদ্দিন কাসেম, তৃতীয় জামায়াতে ইসলামিক ফাউন্ডেশনের মুহাদ্দিস মুফতি মাওলানা ওয়ালিয়ুর রহমান খান, চতুর্থ জামায়াতে ইসলামিক ফাউন্ডেশনের সহকারী পরিচালক মাওলানা জুবাইর আহাম্মদ আল আযহারী এবং পঞ্চম ও সর্বশেষ জামায়াতে তেজগাঁও রেলওয়ে জামে মসজিদের খতিব ড. মাওলানা মুশতাক আহমাদ।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২

nizamshaheed@gmail.com